দৈনিক ইত্তেফাক 15

তারিখ ... 13 APR 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 8 ...

# ঢাকা মেডিক্যাল কলেজের সমস্যার সমাধান করা হইবে

— এরশাদ

বাসস জানায়, ইউনিয়নের কর্মকর্তাসহ ঢাকা মেডিক্যাল কলেজের একদল ছাত্র এবং ঢাকা মেডিক্যাল কলেজের স্বেচ্ছামূলক প্রতিষ্ঠান 'সন্ধানী'র কর্মকর্তারা গতকাল

(২য় পৃঃ দ্রঃ)

## ঢাকা মেডিক্যাল কলেজ

(১ম পৃঃ পর)

(বৃহস্পতিবার) সকালে প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্ট এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন। ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ প্রফেসর কবীরউদ্দিন এবং প্রাক্তন অধ্যক্ষ প্রফেসর ওয়ালী উল্লাহ এই সময় উপস্থিত ছিলেন।

চতুর্থ শিক্ষা বৎসরের ছাত্র বাপ্পীর চিকিৎসার ব্যাপারে আর্থিক সাহায্য করার জন্য ছাত্ররা প্রেসিডেন্টের প্রতি তাহাদের কৃতজ্ঞতা প্রকাশ করে এবং তাহাকে ধন্যবাদ জানায়। বাপ্পী এক সড়ক দুর্ঘটনায় গুরুতরভাবে আহত হইয়াছিল। বিদেশ হইতে চিকিৎসিত হইয়া বাপ্পী দেশে ফিরিয়াছে। প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎকারের সময় বাপ্পীও উপস্থিত ছিল। ঢাকা মেডিক্যাল কলেজের ছাত্র সংসদের নেতৃবৃন্দ ছাত্রদের বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেন। বর্তমানে মেডিক্যাল কলেজে শিক্ষার সুযোগের অভাব এবং হোষ্টেল ও যানবাহনের ব্যাপারে যে-সকল অসুবিধা রহিয়াছে, সে বিষয়েও তাহারা প্রেসিডেন্টকে অবহিত করে। প্রেসিডেন্ট এরশাদ বলেন, ছাত্রদের ব্যবহারের জন্য তিনি একটি বাস উপহার দিবেন। ঢাকা মেডিক্যাল কলেজের বিভিন্ন সমস্যার সমাধানের জন্য পদক্ষেপ গ্রহণ করা হইবে বলিয়াও তিনি জানান। প্রেসিডেন্ট এরশাদ 'সন্ধানী'র কর্মকর্তাদের সঙ্গেও তাহাদের কর্মসূচী সম্পর্কে আলোচনা করেন এবং তাহাদের সাহায্য-সহযোগিতার আশ্বাস দেন। 'সন্ধানী'র কর্মকর্তাবৃন্দ ইতিপূর্বে ৫ লক্ষ টাকা অর্থ সাহায্য এবং রক্ত সংগ্রহের জন্য একটি ভ্রাম্যমাণ যান প্রদান করায় প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান।

প্রেসিডেন্ট এরশাদ গতকাল সোহরাওয়ার্দী হাসপাতালে কৃষি প্রতিমন্ত্রী এস, এম, কায়সার ও ঢাকা জেলা পরিষদের চেয়ারম্যান সাইফুর রহমান এমপিকে দেখিতে যান। তাহারা সেখানে হৃদরোগে চিকিৎসাধীন আছেন। প্রেসিডেন্ট সেখানে কিছু সময় অতিবাহিত করেন এবং কর্তব্যরত চিকিৎসকদের নিকট হইতে তাহাদের চিকিৎসার অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। চিকিৎসকেরা প্রেসিডেন্টকে জানান যে, রোগীদের অবস্থার সন্তোষজনক উন্নতি হইতেছে।

পরে প্রেসিডেন্ট যোগাযোগ মন্ত্রী আনোয়ার হোসেন সমভিব্যাহারে কাজের অগ্রগতি দেখার জন্য টঙ্গীতে তুরাগ নদীর উপর নির্মাণাধীন দ্বিতীয় সেতু পরিদর্শন করেন। যানবাহনের চাপ কমাইতে বর্তমান সেতুর পাশেই সেতুটি নির্মিত হইতেছে। তিনি উন্নয়ন কাজ দেখিতে বারিধারা মডেল টাউন সংলগ্ন প্রগতি সরণিও পরিদর্শন করেন।